
দৈনিক
ইনকিলাব

22 JUL 2008



ইনকিলাব : সেমিস্টার ফি কমানোসহ পাঁচ দফা দাবীতে গতকাল বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা

# ৫ দফা দাবীতে জবি বিক্ষোভে উত্তাল : প্রক্টর অবরুদ্ধ

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রিপোর্টার : সেমিস্টার ফি কমানোসহ পাঁচ দফা দাবীতে বিক্ষোভ মিছিলে উত্তাল জগন্নাথ বিশ্ববিদ্যালয়। আন্দোলনরত শিক্ষার্থীদের দাবীর মুখে অবরুদ্ধ করা হয় বিশ্ববিদ্যালয় প্রক্টর কাজী আসাদুজ্জামানকে। পরে তিনি দাবীর ব্যাপারে আশ্বাস প্রদান করে মুক্ত হয়েছেন বলে জানা গেছে। প্রত্যক্ষদর্শীরা জানান, গতকাল (সোমবার) সকাল ১০টার দিকে শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে বিভিন্ন বিভাগ থেকে বিক্ষিপ্তভাবে মিছিল শুরু করে। পরে সবাই বিশ্ববিদ্যালয় শহীদ মিনার প্রাঙ্গণে জড়ো হয়ে পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে। মিছিলে মিছিলে কেঁপে উঠে গোটা ক্যাম্পাস। বেলা ১১টায় তারা শহীদ মিনার প্রাঙ্গণে এসে জড়ো হয়ে বক্তৃতা শুরু করে। এ সময় বিশ্ববিদ্যালয় প্রক্টর কাজী আসাদুজ্জামান এসে আন্দোলনরত সেমিস্টারের শিক্ষার্থীদের ক্লাস বর্জন থেকে ও পরীক্ষায় অংশগ্রহণ করার আহ্বান জানান। এতে আন্দোলনকারীরা ক্ষিপ্ত হয়ে উঠে। এক পর্যায়ে তাকে অবরুদ্ধ করে রাখে তারা। প্রায় আধাঘণ্টা তা চলতে থাকে। পরে তিনি শিক্ষার্থীদের দাবী পর্যালোচনা করার আশ্বাস দিলে শিক্ষার্থীরা তাকে ছেড়ে দেন। শিক্ষার্থীরা জানিয়েছে, বিশ্ববিদ্যালয় ভিসি বরাবর ৫ দফা দাবী সংক্রান্ত একটি দরখাস্ত পাঠিয়েছে তারা। দাবীগুলো হল- প্রতি সেমিস্টার ও মিডটার্ম পরীক্ষার কোন শিক্ষার্থী অকৃতকার্য হলে তাদের মান উন্নয়ন নিয়ে স্ব স্ব সেমিস্টারে পড়ার সুযোগ দেয়া এবং সুনির্দিষ্ট সেমিস্টার সিস্টেম চালু করতে হবে। অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের সাথে সামঞ্জস্য রেখে সেশনচার্জসহ সকল ফি কমাতে হবে। প্রতি ৬ মাসের মধ্যে প্রতিটি সেমিস্টার শেষ করতে হবে ও বিশ্ববিদ্যালয়ের প্রত্যেক শিক্ষার্থীকে বিনামূল্যে একাডেমিক ক্যালেন্ডার সরবরাহ করতে হবে। এবং পরিবহন সুবিধা বৃদ্ধি করতে হবে।

ছাত্র-ছাত্রীদের দাবীর প্রসঙ্গে বিশ্ববিদ্যালয় প্রশাসন জরুরী বৈঠক করেছে। বিশ্ববিদ্যালয় ভিসি'র সভাপতিত্বে এই বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে বিশ্ববিদ্যালয় ট্রেজারার ড. আবু হোসেন সিদ্দিককে আহ্বায়ক করে ৭ সদস্য বিশিষ্ট একটি পর্যালোচনা কমিটি করা হয়েছে। কমিটি আজ পর্যালোচনা করে রিপোর্ট প্রদান করবে বলে প্রশাসন সূত্র জানিয়েছে।

জানা যায়, শিক্ষার্থীদের দাবীর সিংহভাগ নির্ধারণ ঢাকা অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়কে ছেড়ে গেছে। ঢাকা বিশ্ববিদ্যালয় ঢাকার তুলনায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় পাঁচগুণ বেশী ধরা হয়েছে বলে অভিযোগ করেছেন তারা। এসব ব্যাপারে আলাপকালে বিশ্ববিদ্যালয় ভিসি. ড. সিরাজুল ইসলাম খান ইনকিলাবকে জানান, পর্যালোচনা কমিটি করা হয়েছে। কমিটির রিপোর্টের আলোকে ব্যবস্থা নেয়া হবে।